বিদেশে চাকরির ফাঁদ · পর্ব ১ · নভেম্বর ২০২৬

# বিদেশে চাকরির offer আসল কিনা, টাকা দেওয়ার আগে যেভাবে মিলিয়ে নেবেন

Facebook এ "computer operator" এর চাকরির কথা বলে Bangladesh এর ছেলেদের Cambodia র scam compound এ নেওয়া হচ্ছে। ওখানে আটকে রেখে মানুষ ঠকানোর কাজ করানো হয়। নিচের check গুলো ৫ মিনিটের কাজ, আর টাকা দেওয়ার আগেই করতে হবে।

## 01 যা ঘটেছিল

| | |
|---|---|
| **Offer** | Facebook এ দালাল, Cambodia তে computer operator, মাসে প্রায় $500 |
| **খরচ** | ৬ লাখ টাকা। December 2025 এ Phnom Penh। |
| **পৌঁছে** | পাহারা দেওয়া compound, passport নিয়ে নেওয়া হয় |
| **কাজ** | Telegram এ মেয়ে সেজে romance scam, সকাল ৮টা থেকে রাত ৮টা, তার উপর আরো ২ ঘণ্টা |
| **পরে জানে** | দালাল তাকে $2,200 এ বিক্রি করে দিয়েছিল |

Mymensingh এর এক ফিরে আসা ছেলের কথা, The Daily Star, ৩০ জুলাই ২০২৬। Amnesty International Cambodia তে ৮৬টা scam compound চিহ্নিত করেছে। ১২ থেকে ১৭ জুন ২০২৬, এই ৬ দিনে ১৬৯ জন বাংলাদেশি এসব compound থেকে দেশে ফিরেছে (Dhaka Tribune)।

## 02 তিনটা check

### ১

**Visa তে কী লেখা**

Visa র **Type** দেখুন। Tourist বা Visit visa তে চাকরির অনুমতি থাকে না। অনেককে work visa র কথা বলে tourist visa তে পাঠানো হয়েছে।

### ২

**Agency র RL number**

Agency র কাছে **RL** number চান। তারপর **oep.gov.bd/agencies** এ **Agency List** খুলে মিলিয়ে নিন। **License Status** Active হতে হবে। ওখানে ঠিকানা আর phone ও দেওয়া থাকে, অফিসের সাথে মিলিয়ে নিন।

### ৩

**কোন দেশ, কোন কাজ**

Cambodia, Myanmar, Laos, Thailand, Vietnam এ computer এর চাকরি নিয়ে প্রবাসী কল্যাণ মন্ত্রণালয় আলাদা করে সাবধান করেছে। Offer টা মন্ত্রণালয়, BMET বা ওই দেশের দূতাবাসে যাচাই করতে বলেছে।

## 03 লাল পতাকা

- **"টাকা দিলেই instant visa"**: বিজ্ঞাপনে এটাই সবচেয়ে বেশি দেখা যায়।
- **Facebook, WhatsApp, Telegram বা imo তে দালাল নিজে যোগাযোগ করে**, registered agency র অফিস নেই।
- **শুধু BMET clearance দেখিয়ে বিশ্বাস করানো।** দেড় বছরে ১৫,৯২১ জন clearance নিয়েই Cambodia গেছে। Clearance থাকা মানে চাকরিটা আসল, এমন না।
- **Computer, data entry, call centre বা casino র কাজ**, বেতন অনেক বেশি।

## 04 টাকা দিলে

- প্রতিটা payment এর রসিদ আর লেনদেনের প্রমাণ রাখুন। যাদের কাছে এগুলো ছিল না, পরে তাদের মামলা করতে সমস্যা হয়েছে।

**সাহায্য দরকার হলে:** প্রবাস বন্ধু call center, সরকারের Wage Earners' Welfare Board চালায়।

দেশ থেকে **16135** · বিদেশ থেকে **+880 9610 102030**

নম্বর দুটো সেপ্টেম্বর ২০২২ এ চালুর খবর থেকে নেওয়া (The Business Standard)।

## 05 সূত্র (৪ নভেম্বর ২০২৬ এ দেখা)


- The Daily Star, Cyber-scam trafficking the new menace, ৩০ জুলাই ২০২৬: thedailystar.net/news/bangladesh/news/cyber-scam-trafficking-the-new-menace-4236006
- The Business Standard, False job promises luring Bangladeshis into scam centres, ১৩ মে ২০২৬: tbsnews.net/bangladesh/migration/cambodia-trafficking-false-job-promises-luring-bangladeshis-scam-centres
- Dhaka Tribune, 221 Bangladeshis return from Cambodia cyber scam compounds, ১৭ জুন ২০২৬: dhakatribune.com/bangladesh/foreign-affairs/412883
- Global Voices, Technology-facilitated trafficking, ২২ সেপ্টেম্বর ২০২৬: advox.globalvoices.org/2026/09/22/technology-facilitated-trafficking-how-bangladeshi-migrants-become-victims-of-recruitment-in-cambodia
- Dhaka Tribune, মন্ত্রণালয়ের নোটিশ, পাঁচ দেশ, ২২ নভেম্বর ২০২৪: dhakatribune.com/bangladesh/foreign-affairs/365930
- Overseas Employment Platform, Agency List: oep.gov.bd/agencies
- The Business Standard, Hotline launched for migrant workers, ৫ সেপ্টেম্বর ২০২২: tbsnews.net/bangladesh/migration/hotline-launched-migrant-workers-assistance-490534